

## বাকুবিতে ছাত্রলীগের দু'গ্রুপের সংঘর্ষে আহত ১০

ময়মনসিংহ ব্যুরো

ক্যাম্পাসে আধিপত্য বিস্তারকে বেছে করে মঙ্গলবার রাত ১১টার দিকে ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) শাখা ছাত্রলীগ ও জেলা ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে সশস্ত্র ধাওয়া-পাশ্চাধাওয়া, গুলিবিনিময়, ককটেল বিস্ফোরণ ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছেন কমপক্ষে ১০ জন। এদের মধ্যে বাকুবি শাখা ছাত্রলীগ সম্পাদক সাইফুল ইসলামসহ ৪ জনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কোতোয়ালি মডেল থানার ওসি কামরুল ইসলাম জানান, বাকুবি শাখা ছাত্রলীগের সঙ্গে জেলা ছাত্রলীগ সভাপতি জসিম উদ্দিন গ্রুপের নেতাকর্মীদের দীর্ঘদিন ধরে দ্বন্দ্ব চলছিল। মঙ্গলবার সন্ধ্যায় কেওয়াটখালী এলাকায় বাকুবি শাখা ছাত্রলীগ সভাপতি মোর্শেদুজ্জামান বাবুর মোটরবাইক পুড়িয়ে দিলে দু'গ্রুপের মধ্যে উত্তেজনা দেখা দেয়। পরে বাকুবি শাখা ছাত্রলীগ নেতাকর্মীরা রাত সাড়ে ১১টার দিকে সশস্ত্র অবস্থায় কেওয়াটখালীর জেলা ছাত্রলীগ সভাপতি জসিম উদ্দিনের বাসায় হামলা ও ভাঙুর করে ফেরার পথে দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাশ্চাধাওয়া, গুলিবিনিময়, ককটেল বিস্ফোরণ ও সংঘর্ষ হয়। এ সময় স্থানীয়রা বাকুবি শাখা ছাত্রলীগ সম্পাদক সাইফুল ইসলামসহ চারজনকে আহতাবস্থায় পুলিশে সোপর্দ করলে তাদের ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। অতিরিক্ত পুলিশ মোতায়েন হয়েছে। এ ব্যাপারে জেলা ছাত্রলীগ সভাপতি জসিম উদ্দিন ও বাকুবি শাখা ছাত্রলীগ সভাপতি মোর্শেদুজ্জামান বাবুর মোবাইল ফোনে যোগাযোগ করা হলে সংযোগ পাওয়া যায়নি।